

লিবারেল পার্টি বাংলাদেশ

www.liberalbd.org



চলমান রাজনৈতিক পরিস্থিতিতে সরকার, সশস্ত্র বাহিনী, লিবারেল পার্টি-র নেতা কর্মী ও জনতার প্রতি ইউরোপে নির্বাসিত শেখ মহিউদ্দিন আহমেদ এর খোলা চিঠি

প্রিয় সাথী,

বাংলাদেশের রাজনীতি এখন এক যুগ সন্ধিক্ষন অতিক্রম করছে। কালোটাকার মালিক, দুর্নীতিবাজ রাজনীতিকদের হাত থেকে রাজনীতিকে কলুষমুক্ত করতে চলছে এক নিরবিচ্ছিন্ন বিপ্লব।

রাজনীতির জন্য যে ফলই বয়ে আনুক না কেন, আমাদের দীর্ঘদিনের বক্তব্যের সঠিকতা প্রমানের জন্য আমরা এ বিপ্লবকে সাধুবাদ না জানিয়ে পারিনা। এ বিপ্লব এক পর্যায়ে সরকারে ঘাপটি মেরে থাকা, দুর্নীতিবাজ আর বর্নচোরাদের কারনে কখনো মুখ খুবড়ে পড়লেও আমরা এ বিপ্লবকে এগিয়ে নিয়ে যাবো, আমাদের আগামী প্রজন্মের জন্য।

আমি বারবার বলেছি এ দিনটির কথা। বলেছি অনিয়ম ভাংগার জন্য ফেরাউনের ঘরেই মুছাদের জন্ম হবে। ইতিহাস থেকে কেউ শিক্ষা নেয়না, এটাই ইতিহাসের শিক্ষা। কিন্তু আমরা ইতিহাস থেকে শিখতে চাই, আগামীর জন্য একদল প্রশিক্ষিত নেতৃত্ব রেখে যেতে চাই। আমাদের মধ্যে যদি কেউ নগদ লাভের আশায় রাজনীতি করার জন্য এখনো অপেক্ষা করেন, দয়া করে তিনি চলে যান, বিপ্লবের ঢেউ এ তছনছ হওয়ার আগেই তার চলে যাওয়া ভালো। যেমন ভালো সরকারের ভেতরের বর্নচোরাদের চলে যাওয়া।

আমরা আমাদের ১ম জাতীয় কনভেনশনে (২০০১) প্রস্তাব পাশ করেছিলাম:

- ১। প্রত্যেক রাজনৈতিক দলকে ৪০% পর্যন্ত নারীদের সকল কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।
- ২। একই অনুপাতে নারীদের সংসদ নির্বাচনে মনোনীত করতে হবে।
- ৩। সকল সংখ্যালঘু জাতিসত্তার জন্য সংসদ সহ সকল স্তরে আলাদা নির্বাচনী ব্যবস্থায় তাদের প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে।
- ৪। সিনিয়র সিটিজেন (বয়স্ক নাগরিক ৬০ বছরের উপরে) দের বিনামূল্যে চিকিৎসা, বাসস্থান এবং যাতায়াত এর ব্যবস্থা করতে হবে। পর্যায়ক্রমে এ সুবিধা বাড়াতে হবে।
- ৫। দাতাদের অবশ্যই বাংলাদেশে খনের বা সাহায্যের শর্ত হিসেবে মানবাধিকার ও কার্যকর গণতান্ত্রিক পরিবেশসহ সুশাসনের গ্যারান্টি নিতে হবে।

ঐ কনভেনশনে লিবারেল পার্টি বাংলাদেশ দেশের ইতিহাসে প্রথম অডিট রিপোর্ট প্রকাশ করে এবং অন্যদের জন্য তা বাধ্যতামূলক করার জন্য আহবান জানায়।

নির্বাচন কমিশন রাজনৈতিক দলগুলোর জন্য সংস্কারের যে প্রেসক্রিপশন করছে লিবারেল পার্টি'র গঠনতন্ত্র আগে থেকেই সেইভাবে রয়েছে।

আমরা বলেছি জমিদারী ট্যাক্স প্রথা নয়, কল্যানমুখী এবং পেনশনমুখী ট্যাক্স প্রথা চালু করা হোক। এতে একজন পান দোকানদারও সেচ্ছায় ট্যাক্স দেবে। বলেছি সকল এনজিওকে বাধ্যতামূলকভাবে বেকারদের সার্টিফিকেট এর বিপরিতে খনদান ব্যবস্থা চালু করতে, এবং

লিবারেল পার্টি বাংলাদেশ

www.liberalbd.org



সরকারকেও তা অনুসরণ করতে। আমরা জানি মাত্র ৫ বছরে বাংলাদেশকে বেকারমুক্ত করা সম্ভব।

কালোটাকার মালিক, মাদক ব্যবসায়ী, মজুতদারসহ সমাজবিরোধীদের বিরুদ্ধে লিবারেল পার্টি বাংলাদেশ অবস্থান নেয়ায় কালোটাকার মালিকদের মিডিয়ায় লিবারেল পার্টি'র সংবাদ প্রকাশে কালো হাতের হস্তক্ষেপ হয়, যা আজো চলছে। সত্য বলার খেসারত আজো দিতে হচ্ছে।

যখন গডফাদারের গোপন আদেশে লুৎফুজ্জামান বাবর এসপি কহিনুর আর এসপি আক্বাস (বাড়ী নেত্রকোনা)কে দায়িত্ব দেয় আমাকে হত্যার জন্য, তখনো এই কালোটাকার মালিকদের মিডিয়া সত্য সংবাদতো দূরের কথা আমাদের প্রেস বিজ্ঞপ্তিও ছাপানো থেকে বিরত থাকে। আমি নিজে একজন সার্বক্ষণিক পেশাজীবী সাংবাদিক ছিলাম দীর্ঘদিন। প্রতিটি মিডিয়ায় আমার বন্ধুরা কাজ করছেন, কিন্তু তাদের বক্তব্য ছিল আমার এবং আমাদের দলের ব্যপারে তাদের হাত পা বাধা। তাদের হাত পা কি এখনো বাধা ই ক্রিমিনালদের দ্বারা? আজো সেই আদেশ কি বহাল রয়েছে?

এসপি কহিনুর আর এসপি আক্বাস কি আইনের উর্ধ্বে? তাদের কি কোন আইন স্পর্শ করতে পারবে না। আমার বিরুদ্ধে দায়ের করা মিথ্যা অভিযোগ প্রত্যাহারের জন্য কয়েক ডজন আবেদন করেছি, কিন্তু বাংলাদেশের আইনে নাকি মিথ্যা অভিযোগ প্রত্যাহারের সুযোগ নাই। এন, এস, আই এবং ডি,জি,এফ,আই বলেছে আমার বিরুদ্ধে মামলা মিথ্যা, কিন্তু তার পরেও আইন নিরপরাধিকে মুক্ত করতে পারে না। পারেনা হত্যা করতে ব্যর্থ হয়ে পশুর মত দাপটে আমাকে পংগু করে দেয়া বিগত সরকারের পালিত কুকুর পুলিশদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে।

এখন প্রশ্ন, তাহলে আইন কি পারে? আইন যদি আমার মত মানুষকে রক্ষা করতে না পারে, অন্যায় অবিচার থেকে মুক্ত করতে না পারে, তবে এই আইন দিয়ে কি হবে? আর সাধারণ মানুষের অবস্থা যে কি হবে তাতো বোঝাই যায়।

আমার বিশ্বাস লিবারেল পার্টি বাংলাদেশের পক্ষ থেকে আমরা আরো একটি খোলা চিঠি প্রকাশের সুযোগ পাবো, যেখানে আমরা বলতে পারবো দেশে সত্যিকারের ন্যায়বিচার প্রতিষ্ঠা হয়েছে, সাধারণ জনগনের জন্য। বলার অপেক্ষায় থাকবো বর্তমান ব্যবস্থা শুধুমাত্র দুর্নীতিবাজদের আটকানোর জন্য নয়, এথেকে জনগনও হয়রানী মুক্ত, আর মুক্ত পুলিশ নামধারী হাতেগোনা কতিপয় পদলেহী দস্যুদের হাত থেকে।

আগামী প্রজন্মের জন্য একটি কল্যানকামী বাসস্থান রেখে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করছি-----

বাংলাদেশ জিন্দাবাদ,
বাংলার জনতা দীর্ঘজীবী হোক।

আয়ারল্যান্ড থেকে।
জুলাই ২০০৭ ইং

শেখ মহিউদ্দিন আহমেদ
নিডার ও প্রেসিডেন্ট
লিবারেল পার্টি বাংলাদেশ